চুয়াডাঙ্গায় তিনটি বোমা সদৃশ বস্তু উদ্ধার

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার মুন্সিগঞ্জ এলাকা থেকে বোমা সদৃশ তিনটি বস্তু উদ্ধার করেছে পুলিশ। রবিবার বেলা ১১টার দিকে কালো টেপ দিয়ে মোড়ানো বোমা সদৃশ তিনটি কৌটা উদ্ধার করা হয়।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) আশিকুর রহমান জানান, রবিবার সকালে মুন্সিগঞ্জ তমালতলার মাঠে বোমা সদৃশ তিনটি কৌটা পড়ে থাকতে দেখে স্থানীয়রা পুলিশে খবর দেয়।

পরে পুলিম ঘটনাস্থলে পৌছে সেগুলো উদ্ধার করে। বর্তমানে সেগুলো নিষ্ক্রিয় করার জন্য পানি ভর্তি বালতিতে রাখা হয়েছে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় পিকআপ চাপায় এক বৃদ্ধ পথচারী নিহত

চুয়াডাঙ্গার শহরতলী দৌলাৎদিয়াড় গ্রামের পিকআপের চাপায় রবিউল ইসলাম (৬০) নামের এক বৃদ্ধ পথচারী নিহত হয়েছেন। রবিবার সকাল সাড়ে ৯টায় এ দূর্ঘটনা ঘটে।

নিহত রবিউল ইসলাম দৌলাৎদিয়াড় বঙ্গজপাড়ার মৃত আওলাদ মন্ডলের ছেলে।
স্থানীয়রা জানান, রবিবার সকালে রবিউল ইসলাম বাড়ি থেকে বেরিয়ে রাস্তা পার হচ্ছিলো।

এসময় দ্রæতগামির একটি পিকআপ তাকে ধাক্কা দিলে তিনি মারাত্মক আহত হন। এলাকাবাসী তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়। পরে সকাল ১০টায় মারা যান তিনি।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় বেগম রোকেয়া দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় বেগম রোকেয়া দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে চুয়াডাঙ্গা পৌরসভা চত্বরে এসব অনুষ্ঠিত হয়। পৌরসভার তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পের আওতায় এ অনুষ্ঠান হয়।

দিবস উপলক্ষে সকালে এক বর্ণাঢ্য র্যালি শহর প্রদক্ষিণ করে। এতে নেতৃত্ব দেন পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী। পরে আলোচনা সভায় বক্তৃতা করেন প্যানেল মেয়র রেজাউল করিম, মহিলা কাউন্সিলর সুলতান আরা রতœ◌া প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথি পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী বলেন, নারীরা এখন আর পিছিয়ে নেই। পুরুষের পাশাপাশি নারীরার দেশের উন্নয়নে কাজ করছেন। নারীদের এ অগ্রযাত্রা অব্যাহত রাখতে হবে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

মুজিববনগরে ১৬ ডিসেম্বরের প্রস্তুতি প্যারড মহড়া

অনুষ্ঠিত

মুজিবনগরে ১৬ ডিসেম্বরের প্রস্তুতি প্যারড মহড়া অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে উপজেলা পরিষদ মাঠ চত্তরে ১৬ ডিসেম্বরের প্রস্তুতি মহড়া অনুষ্ঠিত হয়েছে।

মহড়ার নেতৃত্ব দেন মুজিবনগর থানার এস আই সুব্রত কুমার পাল, প্যারডে অংশগ্রহণ করে বাংলাদেশ পুলিশ, আনসার বাহিনি, বিএনসিসি,সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষাত্রী বৃন্দ্র।

প্যারড পরিদর্শন করেন উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী। এসময় উপস্থিত ছিলেন সমাজসেবা অফিসার আব্দুর রব,সিনিয়র মৎস্য অফিসার শহিদুল ইসলাম, মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, তথ্যসেবা অফিসার তানিয়া খন্দকার প্রমুখ।

- মুজিবনগর অফিস

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় আবার মৃত্যু

মেহেরপুর সড়কে মৃত্যুর মিছিল যেন থামছেই না। ২ জন মৃত্যুবরন করার একদিন পার না হতে আবারও ঘটলো মৃত্যুর ঘটনা।

রবিবার বিকেলের দিকে মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের মাইক্রোর ধাক্কায় আব্দুল লতিফ ৭০ নামের এ বৃদ্ধ নিহত হন।

নিহত আব্দুল লতিফ মেহেরপুর শহরের সাহাজি পাড়ার আহমদ আলীর ছেলে।

জানা গেছে আব্দুল লতিফ ঘটনার সময় চাঁদবিল থেকে সাইকেল যোগে মেহেরপুর ফেরার পথে একই দিক থেকে আসা একটি দ্রুতগামী মাইক্রো বাস তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়।

ঘটনাস্থলে আব্দুল লতিফের মৃত্যু হয়। খবর পেয়ে মেহেরপুর সদর থানার

পুলিশ এবং দমকল বাহিনীর সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে লাশ উদ্ধার করে।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে বিজয় দিবস পালনকে কেন্দ্র করে আওয়ামী লীগের দু’পক্ষের উত্তেজনা

বিজয় দিবস পালনকে কেন্দ্র করে মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামী লীগ ও পৌর আওয়ামী লীগের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়।

রবিবার সকাল ৮টার দিকে পৌর আওয়ামী লীগের নেতা কর্মীরা গাংনী বাজারে শহীদ রেজাউল চত্বরে পতাকা টাঙ্গানোর জন্য প্লাস্টিকের পাইপ পুততে গেলে উপজেলা আওয়ামী লীগের নেতা কর্মীরা এসে পাশেই তারাও পাইপ পুতার প্রস্তুতি নেয়। এ ঘটনায় দু’পক্ষের মধ্যে বাকবিতন্ডার সৃষ্টি হয় বাক বিতন্ডার এক পর্যায়ে সকাল ১১ টার দিকে দু’পক্ষের মধ্যে হাতাহাতি হয়।
পরিস্থিতি অশান্ত হওয়ার আগেই পুলিশ এসে পরিবেশ শান্ত করেন।

পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম বাবু সাংবাদিকদের জানান, প্রতিবছরই এখানে আওয়ামী লীগের ব্যানারে বিজয় দিবস ও অন্যান্য দিবস পালন করে থাকি। এবছর বিজয় দিবসের আগে উপজেলা আওয়ামী লীগের সভাপতি এমপি সাহিদুজ্জামান খোকন তার নিজ বাসভবনে ১০ থেকে ১৫জন লোকজন নিয়ে প্রস্তুতি সভা করে। সেখানে আমাদের জানানোর প্রয়োজন মনে করেনি।

আনারুল ইসলাম বাবু আরও বলেন আমরা মুজিব সৈনিক জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে রাজনীতি করে আসছি। আমরা বিজয় দিবস পালন করবনা এটা হয়না। তাই জেলা আওয়ামী লীগের নেতাদের সাথে কথা বলে আমরা পৌর আওয়ামী লীগের আয়োজনে বিজয় দিবস পালনের প্রস্তুতি নিয়েছি। তারই ধারাবহিকতায় আমরা মঞ্চ পতাকা উত্তোলনের প্রস্তুতি নিচ্ছি। এরই

মধ্যে এমপি খোকনের লোকজন এসে আমাদের অনুষ্ঠান বানচাল করার উদ্দেশ্য উত্তেজনাকর পরিস্থিতি তৈরী করে।

গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা জানান, এর আগে বিভিন্ন অনুষ্ঠানের প্রস্তুতি সভায় তাদের ডাকলেও তারা আসেনি। এ কারণে এ বার তাদের ডাকা হয় নি। তবে উদ্ধুব্ধ পরিস্থিতি সাংসদ সাহিদুজ্জামান খোকন ও জেলা আওয়ামীলীড়ের সাধারণ সম্পাদক এম এ খালেকের সাথে কথা বলে এর সমাধান করা হবে।

জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন, উপজেলা আওয়ামীলীগ ঘরের মধ্যে প্রস্তুতি সভা করেছে কিন্তু কাউকে ডাকেনি। যেটা রাজনৈতিক শিষ্টাচার বহির্ভুত। বিজয় দিবসের মত একটি অনুষ্ঠান অবশ্যাই পালন হবে সে ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

মেহেরপুরে বেগম খালেদা জিয়ার মুক্তির দাবীতে বিক্ষোভ সমাবেশ

দেশব্যাপী কেন্দ্রঘোষিত কর্মসুচীর অংশ হিসেবে বেগম খালেদা জিয়ার মুক্তির দাবীতে বিক্ষোভ সমাবেশ করেছে মেহেরপুর জেলা বিএনপি। রবিবার সকালে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয় প্রাঙ্গনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন,জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, আনছারুল হক,শেখ সাঈদ আহমেদ প্রমুখ।

সমাবেশে জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আবদুর রহিম, আব্দুল আওয়াল, মনিরুজ্জামান গাড্ডু,ইনসারুল ইসলাম ইনসু, সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, আবদুর রশিদ, জেলা বিএনপির সহ সাংগঠনিক

সম্পাদক জুলফিকার আলী ভূট্টো, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবু ওবায়দুল্লাহ সেন্টু, গাংনী উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান আখের, পৌর বিএনপির সহ-সভাপতি ইদ্রীস আলী দেওয়ান, দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক সাহাবুদ্দিন মোল্লা, মুজিবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক বদর উদ্দিন বিশ্বাস, পৌর বিএনপির সহ-সভাপতি হাজী ফজলু খাঁন, হাবিব ইকবাল, যুগ্ম সম্পাদক আবু ইউসুফ মিরন, হাফিজুর রহমান হাপি, মেহেরপুর জেলা তাতীদলের সভাপতি আরজুল্লা বাবলু মাষ্টার, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, সাধারন সম্পাদক কাওছার আলী, যুগ্ম সম্পাদক মেহেদী হাসান রোকন, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদ, সাধারণ সম্পাদক আজমুল হাসান মিন্টু, জেলা ছাত্রদলের সহ সভাপতি আকিব জাভেদ সেনজিন, সহ-সভাপতি তৌফিক এলাহী সাকিল সগ বিএনপি অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।
- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ফেন্সিডিল সহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে গোয়েন্দা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৬০ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আবু আব্দুল্লাহ মুলন (৪০) নামের এক ব্যক্তিকে আটক করেছে ডিবি পুলিশ। আবু আব্দুল্লাহ মুলন গাংনী উপজেলার দেবীপুর গ্রামের আঃ বাকির ছেলে।

শনিবার রাতে মেহেরপুর জেলার গাংনী উপজেলার দেবীপুর গ্রামের খেজমত আলীর বাঁশঝাড়ের সামনে পাকা রাস্তার পাশ থেকে ৬০ বোতল ফেন্সিডিলসহ আবু আব্দুল্লাহ মুলন আটক করা হয়।

মেহেরপুর ডিবি পুলিশের ওসি রবিউল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে গাংনী থানাধীন দেবীপুর গ্রামে অভিযান চালিয়ে মোঃ খেজমত আলীর বাঁশঝাড়ের সামনে পাকা রাস্তার পাশ থেকে দেবীপুর গ্রামের আঃ বাকির ছেলে মাদক ব্যবসায়ী আবু আব্দুল্লাহ মুলনকে ৬০ বোতল

ফেন্সিডিলসহ আটক হয়েছে।

এ বিষয়ে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা করা হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

শামীমের ৩৬৫ কোটি টাকা, খালেদের ৩৪, সম্রাটের ‘তেমন নেই’

সা¤প্রতিক শুদ্ধি অভিযানের মধ্যে দুর্নীতির মামলা তদন্ত করতে গিয়ে এ পর্যন্ত প্রায় ৪৫০ কোটি টাকার সম্পদ অবরুদ্ধ করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এর মধ্যে নগদ টাকার পরিমাণই বেশি। আদালতের নির্দেশে ১৬টি মামলায় অবরুদ্ধ করা টাকার পরিমাণ ৩৬২ কোটিও বেশি। আর সম্পদের পরিমাণ ৭৮ কোটি টাকার বেশি।

দুদক ও আদালত সূত্র জানায়, কথিত যুবলীগ নেতা ও ঠিকাদার গোলাম কিবরিয়া শামীমের (জি কে শামীম) সম্পদই সবচেয়ে বেশি। বিভিন্ন ব্যাংকে থাকা তাঁর প্রায় ৩২৪ কোটি টাকা অবরুদ্ধ করা হয়েছে। স্থাবর সম্পদ ক্রোক করা হয়েছে প্রায় ৪১ কোটি টাকার। এরপরই আছে যুবলীগের আরেক নেতা খালেদ মাহমুদ ভূঁইয়ার সম্পদ। বিভিন্ন ব্যাংকে থাকা তাঁর ৩১ কোটি টাকা অবরুদ্ধ করা হয়েছে। স্থাবর সম্পদ ক্রোক করা হয়েছে প্রায় ৩ কোটি টাকার।

আরেক সাবেক যুবলীগ নেতা ইসমাইল হোসেন চৌধুরী সম্রাটের সম্পদ বা নগদ টাকার পরিমাণ তেমন নেই বলে দুদক সূত্রে থেকে জানা গেছে।

গত ১৮ সেপ্টেম্বর ‘শুদ্ধি অভিযান’ শুরু হওয়ার পর ওই মাসের শেষ দিকে সংশ্লিষ্টদের অবৈধ সম্পদের খোঁজে মাঠে নামে দুদক। প্রাথমিক অনুসন্ধান শেষে এ পর্যন্ত ১৬টি মামলা করেছে সংস্থাটি। এসব মামলা হয়েছে ঠিকাদার জি কে শামীম, যুবলীগ ঢাকা দক্ষিণের সাবেক সভাপতি ইসমাইল চৌধুরী সম্রাট, বহিষ্কৃত যুবলীগ নেতা খালেদ মাহমুদ ভূঁইয়া, আওয়ামী লীগ নেতা এনামুল হক ও তাঁর ভাই রূপন ভূঁইয়া,

অনলাইন ক্যাসিনোর হোতা সেলিম প্রধান,

বিসিবি পরিচালক লোকমান হোসেন ভূঁইয়া, কলাবাগান ক্লাবের সভাপতি শফিকুল আলম ফিরোজ, যুবলীগের দপ্তর সম্পাদক আনিসুর রহমান ও তাঁর স্ত্রী সুমি রহমান, কাউন্সিলর হাবিবুর রহমান মিজান, তারেকুজ্জামান রাজীব ও এ কে এম মমিনুল হক সাঈদ এবং যুবলীগ নেতা এনামুল হক আরমান ও জাকির হোসেনের বিরুদ্ধে।

অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে মামলার পরপরই তাঁদের বিরুদ্ধে আরও নিবিড় তদন্ত শুরু করে দুদক। তদন্তের শুরুতেই তাঁদের স্থাবর-অস্থাবর সম্পদ জব্দ ও অবরুদ্ধ করার জন্য আদালতের দ্বারস্থ হন দুদক কর্মকর্তারা। দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে আদালত তাঁদের স্থাবর সম্পদ ক্রোক ও ব্যাংকে থাকা টাকা অবরুদ্ধ করার আদেশ দেন।

সূত্র জানিয়েছে, তদন্তে এসব সম্পদের তথ্য পাওয়ার পর আদালতের মাধ্যমে স্থাবর সম্পদ ক্রোক এবং ব্যাংকের অর্থ অবরুদ্ধ করা হয়েছে। তদন্তে আরও সম্পদের তথ্য পাওয়া গেলেও সেগুলোর বিরুদ্ধেও একই ব্যবস্থা নেওয়া হবে বলে সূত্র জানিয়েছে।

দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ বলেন, মামলার অনুসন্ধান বা তদন্ত পর্যায়ে কর্মকর্তারা প্রয়োজনমতো ব্যবস্থা নেন। অবৈধ সম্পদের মালিকেরা যাতে অনুসন্ধান বা তদন্ত পর্যায়ে তাঁদের সম্পদ অন্যত্র সরিয়ে ফেলতে না পারেন, সে জন্য আদালতের মাধ্যমে সেগুলো ক্রোক বা ফ্রিজ করা হয়। তিনি বলেন, ‘অবৈধ সম্পদের মালিকদের ওই সম্পদ ভোগ করতে না দেওয়ার জন্য আমাদের নীতিগত যে সিদ্ধান্ত তার বাস্তবায়নে আমরা ব্যবস্থা নিচ্ছি।’

অবরুদ্ধ হওয়া সম্পদের মধ্যে জি কে শামীমের সম্পদ সবচেয়ে বেশি শুদ্ধি অভিযান শুরুর পরপরই গত ২০ সেপ্টেম্বর র্যাবের হাতে গ্রেপ্তার হন জি কে শামীম। তাঁর বিরুদ্ধে অস্ত্র, মাদক ও অর্থ পাচার আইনে আলাদা মামলা করে র্যাব।
গ্রেপ্তারের সময় শামীমের কার্যালয় থেকে তাঁর মায়ের নামে ১৬৫ কোটি ২৭ লাখ ৬৫ হাজার টাকার এফডিআরের কাগজপত্র জব্দ করে। এ ছাড়া শামীমের কার্যালয়ে অভিযান চলার সময় নগদ ১ কোটি ৮১ লাখ ২৮ হাজার টাকা এবং ৭ লাখ ৪৭ হাজার টাকার সমপরিমাণ মার্কিন ডলারও জব্দ করে র্যাব।

এর এক মাস পর দীর্ঘ অনুসন্ধান শেষে জি কে শামীমের বিরুদ্ধে অবৈধ সম্পদ অর্জনের মামলা করেন দুদকের উপপরিচালক মোহাম্মদ

আতাউর রহমান সরকার। ২০ নভেম্বর মামলাটি হয়।

মামলার তদন্তের অংশ হিসেবে তাঁর সম্পদ জব্দের আবেদন করেছে সংস্থাটি। সবশেষ খবর পাওয়া পর্যন্ত এটি আদালতের আদেশের অপেক্ষায় আছে। বিভিন্ন ব্যাংকে এখন পর্যন্ত তাঁর ২ কোটি ৯৩ লাখ টাকা জমা থাকার তথ্য পেয়েছে দুদক।

কলাবাগান ক্রীড়া চক্রের সভাপতি শফিকুল আলম ওরফে ফিরোজের ২ কোটি ৬৮ লাখ ২ হাজার টাকার অবৈধ সম্পদের তথ্য পেয়ে তাঁর বিরুদ্ধে মামলা করে দুদক। গত ৩০ অক্টোবর মামলাটি করেন সহকারী পরিচালক সাইফুল ইসলাম।

সবশেষ পাওয়া তথ্যমতে, শফিকুল আলমের নামে ব্যাংকে ৪ লাখ ২০ হাজার টাকা জমা আছে। ওই টাকা অবরুদ্ধ করতে আদালতে আবেদন করেছে দুদক।

- নিজস্ব প্রতিনিধি

আলমডাঙ্গায় গ্যাস সিলিন্ডার বিষ্ফোরণে ঝলসে গেছে অন্তঃসত্ত¡◌া গৃহবধূর শরীর

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার বড় বোয়ালিয়া গ্রামে গ্যাস সিলিন্ডার বিষ্ফোরণে ঝলছে গেছে অন্তঃসত্ত¡◌া গৃহবধূ শ্যামলী কর্মকারের (২৬) শরীর।
গ

তকাল শনিবার দুপুর ১২ টার দিকে রান্না করার সময় এ দুর্ঘটনা ঘটে। মুমূর্ষু অবস্থায় উদ্ধার করে তাকে প্রথমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। সেখানে অবস্থার আরও অবনতি হলে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

অগ্নিদগ্ধ শ্যামলী কর্মকারের স্বামী কুমারেশ কর্মকারের বাড়ি যশোর শহরে। তিনি আলমডাঙ্গার হাটবোয়ালিয়া বাজারে আর আর এফ নামের

এনজিও-তে চাকরি করেন।
চাকরিস্থলের পাশেই বড় বোয়ালিয়া গ্রামের অধ্যাপক শহিদুল ইসলামের বাড়িতে স্ত্রী শ্যামলীকে নিয়ে ভাড়াটিয়া হিসেবে বসবাস করেন।

শ্যামলী কর্মকার ৪মাসের অন্তঃসত্ত¡◌া বলে প্রতিবেশীরা দাবি করেছেন।

- আলমডাঙ্গা প্রতিনিধি